# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

**বাজেট প্রস্তাবনা (২০২৬-২০২৭)**

সূত্র : ডিসিএএ/ NBR/০৭/০১(৩৫৭১)/২০২৬/১২৯৪ তারিখ : ২২/০৪/২০২৬ইং

জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ
মাননীয় চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ/১, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয় : ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের বাজেট প্রস্তাবনা (২০২৬-২০২৭)।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমদানি-রপ্তানি কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত থেকে সরকারের রাজস্ব আহরণে কাস্টমস সিএন্ডএফ এজেন্টগণ গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করে আসছে। এ প্রেক্ষিতে ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান ও প্রশাসনিক নির্দেশনার আলোকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে যাচ্ছে।

তবে বিগত সময়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বিভিন্ন আইন ও বিধির বাস্তব প্রয়োগে কিছু ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্টদের ন্যায্য অধিকার ও স্বার্থ বিঘ্নিত হওয়ার বিষয় পরিলক্ষিত হয়েছে। এসব বিষয়ে যথাযথ পর্যালোচনা ও সংশোধনের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনা সাপেক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হচ্ছে।

বর্তমানে প্রযোজ্য কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এবং সংশ্লিষ্ট এসআরওসমূহ (বিশেষত এসআরও নং ২৩০-আইন/২০২৫/৫২/কাস্টমস, তারিখ ২৯/০৫/২০২৫) অনুযায়ী -

* শুল্কায়ন প্রক্রিয়া,
* যানবাহন ও কার্গো ঘোষণা দাখিল,
* প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫

ইত্যাদির বাস্তবায়ন প্রক্রিয়ায় কিছু কাঠামোগত ও কার্যকরী অসঙ্গতি বিদ্যমান রয়েছে, যা সংশোধন করা অত্যাবশ্যক।

উপর্যুক্ত প্রেক্ষাপটে, কাস্টমস এজেন্টদের কার্যক্রমকে আরও গতিশীল, স্বচ্ছ ও ব্যবসাবান্ধব করার লক্ষ্যে এবং সরকারের রাজস্ব আহরণ প্রক্রিয়াকে অধিকতর দক্ষ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় সংস্কারমূলক প্রস্তাবসমূহ সংযুক্ত আকারে প্রেরণ করা হলো।

অতএব, আগামী ২০২৬-২০২৭ অর্থবছরের জাতীয় বাজেটে ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের পক্ষ হতে প্রস্তাবিত সুপারিশসমূহ বিবেচনা করে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,


স্বাক্ষরিত/-
**(মোঃ ফারুক আলম)**
সাধারণ সম্পাদক
ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন
ফোন : ০১৭১১-৫২০২৭৯

স্বাক্ষরিত/-
**(মোঃ মিজানুর রহমান)**
সভাপতি
ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন
ফোন : ০১৭১১-৫২১১০৮


**<u>সংযুক্ত :</u>**

০১। কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এস.আর.ও নং-০৪-আইন/২০২৬/কাস্টমস, তারিখ-০৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ সংশোধনের প্রস্তাবনা ।

০২। ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (C&F) এজেন্টদের কমিশনের উপর উৎসে কর সংক্রান্ত আয়কর আইন, ২০২৩-এর সংশোধনের প্রস্তাব ।

০৩। কাস্টমস্ আইন-২০২৩এর কতিপয় ধারা/উপধারা ও বিভিন্ন বিধি-বিধান বাতিল বা সংশোধন করার লক্ষ্যে প্রস্তাবনা।

০৪। এসআরও নং ২৩০-আইন/২০২৫/৫২/কাস্টমস।- তাং ২৯/০৫/২০২৫ইং মূলে প্রণীত যানবাহন এবং কার্গো ঘোষনা দাখিল ও প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ-১০উপ-দফা (২)।

০৫। কাস্টমস আইন, ২০২৩ এর First Schedule এর এইচ.এস.কোড ভিত্তিক শুল্ক-কর হার যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাবনা।

# সূচীপত্র


| ক্রমিক নং | প্রস্তাবনা সমূহ | পাতা নং-(হইতে-----পর্যন্ত) |
|---|---|---|
| ০১ | কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এস.আর.ও নং-০৪-আইন/২০২৬/কাস্টমস, তারিখ-০৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ সংশোধনের প্রস্তাবনা। | ০৩-০৬ |
| ০২ | ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (C&F) এজেন্টদের কমিশনের উপর উৎসে কর সংক্রান্ত আয়কর আইন, ২০২৩-এর সংশোধনের প্রস্তাব। | ০৭-০৮ |
| ০৩ | কাস্টমস্ আইন-২০২৩এর কতিপয় ধারা/উপধারা ও বিভিন্ন বিধি-বিধান বাতিল বা সংশোধন করার লক্ষ্যে প্রস্তাবনা। | ০৯-১০ |
| ০৪ | এসআরও নং ২৩০-আইন/২০২৫/৫২/কাস্টমস।- তাং ২৯/০৫/২০২৫ইং মূলে প্রণীত যানবাহন এবং কার্গো ঘোষনা দাখিল ও প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ-১০উপ-দফা (২) | ১১ |
| ০৫ | কাস্টমস আইন, ২০২৩ এর First Schedule এর এইচ.এস.কোড ভিত্তিক শুল্ক-কর হার যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাবনা | ১২-২৯ |


**SOFT COPY**

www.dcaadhaka.org এর Notice Board-এ

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের বাজেট প্রস্তাবনা (২০৬-২০২৭)

## কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬
## এস.আর.ও নং-০৪-আইন/২০২৬/কাস্টমস, তারিখ-০৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ সংশোধনের প্রস্তাবনা

| ক্র.ন | বিষয় | সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এ বিদ্যমান বিধি | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০১ | **লাইসেন্সের মেয়াদ** | **বিধি ১৩:**<br>এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী **৫ (পাঁচ)** বৎসর। | **বিধি ১৩:**<br>লাইসেন্সের মেয়াদ লাইসেন্স প্রদানের তারিখ হতে পরবর্তী **১০ (দশ)** বছর করার প্রস্তাব করা হলো। | **বিধি ১৩:**<br>লাইসেন্স নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায়ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের অধিক সময় গ্রহণের ফলে নবায়ন কার্যক্রমে বিলম্ব ঘটে। এর ফলে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের পক্ষে স্বাভাবিকভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয় না। এতে সরকারের রাজস্ব আহরণ কার্যক্রমেও ব্যাঘাত ঘটে। |
| ০২ | **লাইসেন্স নবায়ন** | **বিধি ১৫ এর উপ-বিধি (২) এর দফা (১):**<br>কাস্টমস এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত কারণ উল্লেখ পূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সমPage \| 3য় বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই বাছাই পূর্বক সন্তুষ্ট হইলে সর্বোচ্চ **৩০ (ত্রিশ)** কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে। | **বিধি ১৫ এর উপ-বিধি (২) এর দফা (১):** এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত কারণ উল্লেখ পূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট **সংশ্লিষ্ট এজেন্ট অথবা এসোসিয়েশন** সময় বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই বাছাই পূর্বক সন্তুষ্ট হইলে সময় বৃদ্ধি করিতে পারিবে। | **বিধি ১৫ এর উপ-বিধি (২) এর দফা (১):**<br>বিশেষ প্রয়োজনে এসোসিয়েশনের আবেদনের সুযোগ থাকা। |
| | | **বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর দফা (খ):**<br>লাইসেন্স গ্রহণকারী আইনের আওতায় কোনো আমদানিকারকের প্রথম পণ্য চালানে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাইলে, তা অপরাধ হিসেবে বিবেচিত হইবে না;<br>তবে শর্ত থাকে যে, একই আমদানিকারকের পরবর্তী পণ্য চালানে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাইলে, তা অপরাধ হিসেবে বিবেচিত হইবে এবং এইরূপ লাইসেন্সকে উচ্চ ঝুঁকি সম্পন্ন লাইসেন্স হিসাবে চিহ্নিত করা হইবে;<br>তবে আরও শর্ত থাকে যে, অন্য কোনো এজেন্ট ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত কোনো আমদানিকারকের পণ্য ঘোষণা দাখিলের পর উহাতে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাওয়া গেলে তাহা অপরাধ হিসাবে বিবেচিত হইবে। | **বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর দফা (খ)** : বাতিলের প্রস্তাব করা হলো। | **বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর দফা (খ):** পণ্যচালান কায়িক পরীক্ষার পূর্বে আমদানিকারক কর্তৃক সরবরাহকৃত দলিলাদির ভিত্তিতে ঘোষিত পণ্যের প্রকৃতি, পরিমাণ ইত্যাদি প্রকৃত আনীত পণ্যের সঙ্গে সম্পূর্ণরূপে সঙ্গতিপূর্ণ কিনা তা পূর্ব থেকেই সি এন্ড এফ এজেন্ট কিংবা কাস্টমস কর্মকর্তার পক্ষে অবগত থাকার সুযোগ থাকে না।<br>এক্ষেত্রে, সি এন্ড এফ এজেন্টের সম্পৃক্ততা না থাকা বা জ্ঞাত না থাকা কোনো বিষয়ের দায় আরোপ করে লাইসেন্সিকে উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাবে চিহ্নিত করে লাইসেন্স নবায়ন না করা একদিকে যেমন অযৌক্তিক, অন্যদিকে তা ন্যায়বিচারের মৌলিক নীতির পরিপন্থী ও নিবর্তনমূলক পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়। |

| ক্র.ন | বিষয় | সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এ বিদ্যমান বিধি | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০৩ | **লাইসেন্সের অধিক্ষেত্র** | **বিধি ১৬ এর উপ-বিধি (৫):**<br>এই বিধিমালার অধীন নূতন লাইসেন্স গ্রহণকারী, লাইসেন্সের অধিক্ষেত্র সংযোজন করিতে ইচ্ছুক হইলে লাইসেন্সিকে যেই অধিক্ষেত্রের কার্যক্রম পরিচালনা করিতে ইচ্ছুক সেই অধিক্ষেত্রের লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট ফরম-গ অনুসারে আবেদন দাখিল করিতে হইবে। | **বিধি ১৬ এর উপ-বিধি (৫):** এই বিধিমালার ...... ......... দাখিল করিতে হইবে। "তবে শর্ত থাকে যে, স্থল কাস্টমস স্টেশন হতে লাইসেন্স প্রাপ্ত লাইসেন্সি কোনো কাস্টমস হাউস এ নতুন অধিক্ষেত্র সংযোজনের জন্য আবেদন করিতে পারিবেন না।" মর্মে বিধি ১৬ এর উপ-বিধি (৫) সংশোধনের প্রস্তাব করা হলো। | **বিধি ১৬ এর উপ-বিধি (৫):**<br>স্থল কাস্টমস স্টেশন থেকে লাইসেন্স প্রাপ্ত লাইসেন্সি এই উপ-বিধি অনুযায়ী কাস্টমস হাউসে নতুন অধিক্ষেত্র সংযোজনের জন্য আবেদন করতে পারছে। এই সুযোগ দেওয়ার ফলে কিছু বাস্তবিক সমস্যা তৈরি হতে পারে।<br>কাস্টমস হাউসে আমদানি-রপ্তানি কার্যক্রমের পরিধি, জটিলতা এবং ঝুঁকি স্থল কাস্টমস স্টেশনের তুলনায় অনেক বেশি। এক্ষেত্রে বৃহৎ পরিসরে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনায় পর্যাপ্ত অভিজ্ঞতা, দক্ষতা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা অপরিহার্য। কিন্তু স্থল কাস্টমস স্টেশনভিত্তিক লাইসেন্সিধারীদের মধ্যে এ ধরনের কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় বাস্তব অভিজ্ঞতা নেই।<br>অন্যদিকে অভিজ্ঞ ও প্রতিষ্ঠিত সি এন্ড এফ এজেন্টদের সাথে অভিজ্ঞতাহীন সি এন্ড এফ এজেন্ট কাজ করার সুযোগ প্রদান করা হলে সেবার মান ও শৃঙ্খলা বজায় রাখা কঠিন হয়ে পড়তে পারে।<br>সর্বোপরি, কাস্টমস হাউসে অধিক্ষেত্র সংযোজনের মাধ্যমে অনভিজ্ঞ লাইসেন্সি দ্বারা কার্যক্রম পরিচালনার সুযোগ দেওয়া হলে জাল-জালিয়াতির মাধ্যমে শুল্ক ফাঁকির আশঙ্খা রয়েছে। এতে রাজস্ব আহরণ প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব পড়তে পারে। তথা সিএন্ডএফ Community–র সুনাম বিনষ্ট হওয়ার সম্ভাবনা সৃষ্টি হবে। |
| ০৪ | **সিএন্ডএফ এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য** | **বিধি ১৯ এর উপ-বিধি (গ):**<br>গ্রাহক হইতে প্রাপ্ত আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি যথাযথভাবে যাচাই পূর্বক ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে, ক্ষেত্রমত, বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট দাখিল করিয়া যথাযথ দলিলাদিসহ **[শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুযায়ী মূল্য ঘোষণা ফরমসহ]** কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা; | **বিধি ১৯ (গ):**<br>**[শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুযায়ী মূল্য ঘোষণা ফরমসহ]** শব্দগুলো বাদ যাবে। | **বিধি ১৯ (গ):**<br>বর্তমান ইলেকট্রনিক পদ্ধতিতে বিল অব এন্ট্রি দাখিল করা হয়, তাতে আমদানি পণ্যের মূল্য, পণ্যের বর্ণনা সহ বিস্তারিত বিবরণ দাখিল করা হয়। এক্ষত্রে পৃথক ভাবে ম্যানুয়াল পদ্ধতিতে মূল্য ঘোষণা ফরম দাখিল করা নিস্প্রয়োজন। তাছাড়া এটি পেপারলেস কাস্টমস্ নীতির সাথে সাংঘর্ষিক। |

| ক্র.ন | বিষয় | সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এ বিদ্যমান বিধি | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০৫ | **লাইসেন্স সাময়িক স্থগিতকরণ** | **বিধি ২১:**<br>লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো সি এন্ড এফ এজেন্ট এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স বিশেষ কারণে অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে তাহাকে লাইসেন্স স্থগিতকরণের কারণ উল্লেখপূর্বক বিধি ২২ এর অধীন জরিমানা আরোপের পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবেAgents Identification Number (AIN) Lock রাখিতে পারিবে। | **বিধি ২১:**<br>বিশেষ কারণে কোনো সি এন্ড এফ এজেন্টের লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করার প্রয়োজন হলে, সি এন্ড এফ এজেন্টকে কারণ দর্শানোর নোটিশ প্রদান ও যথাযথ শুনানির সুযোগ প্রদানের পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত বা AIN Lock না করার প্রস্তাব করা হলো। | **বিধি ২১:**<br>সি এন্ড এফ এজেন্টের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান না করে লাইসেন্স অবিলম্বে সাময়িকভাবে স্থগিত করা ন্যায়বিচারের পরিপন্থী। এর ফলে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের চলমান আমদানি-রপ্তানি কার্যক্রম ব্যাহত হবে। |
| ০৬ | **লাইসেন্স বাতিল এবং জরিমানা আরোপ** | **বিধি ২২ এর উপ-বিধি -১ (গ):**<br>**কাস্টমস কর্মকর্তাগণের সহিত অসৌজন্যমূলক আচরণ করা হইলে;**<br><br>**বিধি ২২ এর উপ-বিধি ১ এর দফা (ঞ):**<br>গ্রাহকের নিকট থেকে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনোরূপে হয়রানি করিলে | **বিধি ২২ এর উপ-বিধি -১ (গ): বাতিল করার প্রস্তাব করা হল।**<br><br>**বিধি ২২ এর উপ-বিধি ১ এর দফা (ঞ)** বাতিলের প্রস্তাব করা হলো। | **বিধি ২২ এর উপ-বিধি-১ (গ):** কাস্টমস কর্মকর্তাগণের সাথে অসৌজন্যমূলক আচরণের বিষয়টি স্পষ্টায়ন করা হয়নি। ফলে অপব্যবহার করার সুযোগ রয়েছে, যা ন্যায় বিচার পরিপন্থী। কারণ এ ধরনের বিধান প্রয়োগ করা হলে সিএন্ডএফ এজেন্টদের মত প্রকাশের স্বাধীনতা সীমিত হওয়ার আশঙ্কা থাকে। “অসৌজন্যমূলক আচরণ” সংক্রান্ত অভিযোগ যথাযথ নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্তের মাধ্যমে সত্যতা নিশ্চিত করা প্রশ্নসাপেক্ষ বিষয়। ইতোপূর্বে বিভিন্ন কাস্টম হাউস ও স্টেশনে এ বিধির অপব্যবহারের নজির রয়েছে।<br><br>**বিধি ২২ এর উপ-বিধি ১ এর দফা (ঞ):**<br>আমদানি-রপ্তানি সংক্রান্ত সি এন্ড এফ কার্যক্রম সম্পাদনের বিপরীতে আমদানিকারক-রপ্তানিকারকের নিকট সি এন্ড এফ এজেন্টদের প্রাপ্য ব্যবসায়িক পাওনা প্রায়ক্ষেত্রে অনিষ্পন্ন অবস্থায় থেকে যায়। ফলে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট আমদানিকারক-রপ্তানিকারককে তাগাদা প্রদান করা প্রয়োজন হয়।<br>কিন্তু উক্ত উপ-বিধির সুযোগ গ্রহণ করে কোনো কোনো ক্ষেত্রে আমদানিকারক-রপ্তানিকারক সি এন্ড এফ এজেন্টের বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিতভাবে মিথ্যা অভিযোগ দায়ের করে সি এন্ড এফ এজেন্টের উপর অযাচিত চাপ সৃষ্টি করতে পারে। এতে করে সি এন্ড এফ এজেন্টদের আমদানিকারক-রপ্তানিকারকের নিকট জিম্মি অবস্থায় পড়ার আশঙ্কা থাকে। |

| ক্র.ন | বিষয় | সি এন্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এ বিদ্যমান বিধি | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| | | **বিধি ২২ এর উপ-বিধি -২ (ক):**<br>সিএন্ডএফ এজেন্ট এর কর্মকর্তা শুল্ক কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট না থাকিলে **অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা কিন্তু** অনধিক **২ (দুই) লক্ষ টাকা;**<br><br>**বিধি ২২ এর উপ-বিধি -২ (খ):**<br>সিএন্ডএফ এজেন্ট কর্তৃক শুল্ক কর ফাঁকির প্রচেষ্টা করা হইলে এবং উক্ত কর ফাঁকি সংঘটিত না হইলেও উক্ত ফাঁকি সংঘটিত হইলে যেইপরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ২৫ (পঁচিশ) শতাংশ অথবা ১ (এক) লক্ষ টাকার মধ্যে যাহা অধিক হয়;<br><br>**বিধি ২২ এর উপ-বিধি -২ (গ):**<br>সিএন্ডএফ এজেন্টের কর্মকান্ডের কারণে যেই পরিমাণ শুল্ক কর ফাঁকি হইয়াছে উহার অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ বা অন্যূন **২ (দুই) লক্ষ টাকা বা উভয়ের মধ্যে যাহা অধিক হয়।** | **বিধি-২২ এর উপ-বিধি -২ (ক): লাইসেন্সিং কর্তৃপক্ষ সিএন্ডএফ এজেন্ট এর কর্মকান্ড শুল্ক কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট না থাকিলে অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা করার প্রস্তাব করা হল।**<br><br>**বিধি ২২ এর উপ-বিধি-২ (খ):** ....... ..... .... .. . ........সংঘটিত না হইলেও **<u>বিষয়টি সুনিদিষ্টভাবে প্রমানিত হলে</u>** উক্ত ফাঁকি সংঘটিত হইলে যেইপরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার করার প্রস্তাব করা হলো।<br><br>**বিধি ২২ এর উপ-বিধি -২ (গ):**<br>"বা **অন্যূন সমপরিমান**" প্রস্তাব করা হল। | **বিধি ২২ এর উপ-বিধি -২ (ক):**<br>লঘু অপরাধে বিপুল পরিমানে অর্থদন্ড ন্যায় সংগত নয়।<br><br>**বিধি ২২ এর উপ-বিধি -২ (খ):**<br>সুনির্দিষ্ট প্রমাণ ব্যতিরেকে অনুমানের ভিত্তিতে অর্থদন্ড আরোপ করা ন্যায় বিচার পরিপন্থী।<br><br>**বিধি ২২ এর উপ-বিধি -২ (গ):**<br>২০২৩ সনের ৫৭নং আইনের ধারা ১৭১ সংশোধন করা হয়েছে। তাই লঘু অপরাধে বিপুল পরিমানে অর্থদন্ড ন্যায় সংগত নয়। |
| ০৭ | **নতুন লাইসেন্স প্রদান** | **বিধি ৫ এর উপ-বিধি (১):**<br>বোর্ড প্রতি বৎসর ৩১ মার্চের মধ্যে নতুন লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে একাডেমিকে নির্দেশনা প্রদান করিবে। | **বিধি ৫ এর উপ-বিধি (১):**<br>"লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান করিবার পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনের বিদ্যমান লাইসেন্স সংখ্যা, বিগত ৫ (পাঁচ) বছরের আমদানি ও রপ্তানি পরিসংখ্যান এবং নতুন লাইসেন্স প্রদানের যৌক্তিকতা উল্লেখপূর্বক অনুমতি গ্রহণের জন্য বোর্ডে লিখিতভাবে আবেদন করিবে।" | **বিধি ৫ এর উপ-বিধি (১):**<br>বিগত ৫ বছরের আমদানি-রপ্তানি পরিসংখ্যান বিশ্লেষণের মাধ্যমে লাইসেন্সের প্রকৃত চাহিদা নিরূপণ করে প্রয়োজন অনুযায়ী লাইসেন্স ইস্যু নিশ্চিত করা হলে অসুস্থ প্রতিযোগিতা বন্ধ হবে। অন্যদিকে প্রয়োজনের অতিরিক্ত লাইসেন্স প্রদান করা হলে, সেবার মান হ্রাস পাওয়া এবং রাজস্ব আহরণে নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে।<br>এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডে লিখিতভাবে নতুন লাইসেন্স প্রদানের যৌক্তিকতা উপস্থাপন করার বাধ্যবাধকতা থাকলে লাইসেন্স প্রদান প্রক্রিয়া অধিক স্বচ্ছ ও জবাবদিহিমূলক হবে। |

# ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (C&F) এজেন্টদের কমিশনের উপর উৎসে কর সংক্রান্ত আয়কর আইন, ২০২৩-এর সংশোধনের প্রস্তাব

**১. বিদ্যমান আইনগত অবস্থান:**

(ক) আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২২ অনুযায়ী C&F এজেন্টদের প্রাপ্ত কমিশনের

*** আমদানির ক্ষেত্রে (শুল্কায়নযোগ্য মূল্যের উপর) :**

১ম ৫ লক্ষ টাকা এর উপর : ১.০০% (শতকরা এক)

২য় ৫ লক্ষ টাকা এর উপর : ০.৭৫% (শতকরা শূণ্য দশমিক সাত পাঁচ)

৩য় ১০ লক্ষ টাকা এর উপর : ০.৫০% (শতকরা শূণ্য দশমিক পাঁচ শূণ্য)

পরবর্তী যেকোন মূল্যের উপর : ০.৩০% (শতকরা শূণ্য দশমিক তিন শূণ্য)

*** রপ্তানির ক্ষেত্রে (শুল্কায়নযোগ্য মূল্যের উপর) :**

যেকোন মূল্য নির্বিশেষে : ০.২৫% (শতকরা শূণ্য দশমিক দুই পাঁচ)

উক্ত কমিশন হার বিবেচনায় এনে তার উপরে ১০% (দশ শতাংশ) হারে উৎসে কর কর্তন করা হয়।

কিন্তু বাস্তব ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বাজারে C&F এজেন্টগণ আমদানি-রপ্তানিকারক থেকে বর্ণিত কমিশন হারে চাইতে অত্যন্ত সীমিত হারে কমিশন (০.০৫%-০.১০% পর্যন্ত) পেয়ে থাকে। সিএন্ডএফ এজেন্টদের বাস্তবিকভাবে প্রাপ্ত কমিশন কম হলেও উচ্চ হারে কর (জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত ১০% হারে) প্রদান করতে হচ্ছে। ফলে C&F এজেন্টদের প্রকৃত আয় অপেক্ষা অধিক কর পরিশোধের পরিস্থিতিজণিত কারণে কাগজে-কলমে তাদের সম্পদের অস্বাভাবিক স্ফীতি ঘটায় নিট সম্পদের উপর সারচার্জ আরোপ করা হচ্ছে, যা বাস্তবতার সাথে যুক্তিযুক্ত নয়। এক্ষেত্রে সিএন্ডএফ এজেন্টদের উপর অতিরিক্ত আর্থিক চাপ সৃষ্টি হওয়ায় ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের এজেন্টবৃন্দ দারুনভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।

(খ) ১. আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২২ অনুযায়ী ১০% (দশ শতাংশ) হারে কর কর্তন করা হয়।
২. একই আইনের ধারা ১৬৩ অনুযায়ী উক্ত করকে ন্যূনতম কর (Minimum Tax) হিসেবে গণ্য করা হচ্ছে।

**২. প্রস্তাবিত সংশোধনী:**

জাতীয় রাজস্ব ব্যবস্থার ভারসাম্য রক্ষা এবং ব্যবসায়িক বাস্তবতা বিবেচনায় নিম্নোক্ত সংশোধনীগুলো প্রস্তাব করা যাচ্ছে -

১) C&F এজেন্টদের কমিশনের উপর উৎসে কর্তিত করকে চূড়ান্ত কর দায় (Final Discharge of Tax Liability) হিসেবে গণ্য করা,

২) বর্তমান ১০% করহার হ্রাস করে ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করা,

৩) কমিশনভিত্তিক আয়ের ক্ষেত্রে নিট সম্পদের উপর আরোপিত সারচার্জ হতে অব্যাহতি প্রদান করা।

**৩. প্রস্তাবের যৌক্তিকতা:**

(ক) ২০০৪ সাল হতে প্রবর্তিত উৎসে কর হার (৩%) ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে বর্তমানে ১০% -এ উন্নীত হয়েছে, যা বর্তমান বাজার বাস্তবতার সাথে অসামঞ্জস্যপূর্ণ,

(খ) পূর্বে (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮২(সি) অনুযায়ী) উক্ত করকে চূড়ান্ত কর হিসেবে গণ্য করা হলেও বর্তমানে তা ন্যূনতম কর হিসেবে বিবেচিত হওয়ায় দ্বৈত করের চাপ সৃষ্টি হচ্ছে,

(গ) বাস্তব ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বাজারে C&F এজেন্টদের কমিশন হার অত্যন্ত সীমিত (অনেক ক্ষেত্রে ০.০৫% হতে ০.১০% পর্যন্ত), অথচ উচ্চ হারে কর প্রদান করতে হচ্ছে,

(ঘ) এর ফলে প্রকৃত আয় অপেক্ষা অধিক কর পরিশোধের পরিস্থিতি তৈরি হচ্ছে এবং কাগজে-কলমে সম্পদের অস্বাভাবিক স্ফীতি ঘটছে,

(ঙ) নিট সম্পদের উপর সারচার্জ আরোপের কারণে অতিরিক্ত আর্থিক চাপ সৃষ্টি হচ্ছে, যা ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের এজেন্টদের জন্য বিশেষভাবে প্রতিকূল,

(চ) উৎসে কর পরিশোধ সত্ত্বেও পুনঃনিরীক্ষার মাধ্যমে অতিরিক্ত কর আরোপের ঝুঁকি বিদ্যমান থাকায় ব্যবসায়িক অনিশ্চয়তা বৃদ্ধি পাচ্ছে,

(ছ) উপরোক্ত পরিস্থিতির ফলে ব্যবসার স্বাভাবিক প্রবাহ ব্যাহত হচ্ছে এবং জাতীয় বাণিজ্য কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে।

**৪. উপসংহার :**

দেশের আমদানি-রপ্তানি খাতের টেকসই উন্নয়ন, ব্যবসা সহজীকরণ (Easy of Doing Business) এবং কর কাঠামোর ন্যায্যতা নিশ্চিতকরণের স্বার্থে প্রস্তাবিত সংশোধনীগুলো আসন্ন জাতীয় বাজেটে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হলো।

## কাস্টমস্ আইন-২০২৩এর কতিপয় ধারা/উপধারা ও বিভিন্ন বিধি-বিধান বাতিল বা সংশোধন করার লক্ষ্যে প্রস্তাবনাঃ

১৭১। অপরাধসমূহের জরিমানা বা দ-।-(১) যদি কোনো ব্যক্তি নিম্নের টেবিলের কলাম (৩) এ বর্ণিত কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে উক্ত অপরাধের জন্য তাহার বিরুদ্ধে কলাম (৪) এ বর্ণিত জরিমানা বা দ- আরোপণীয় হইবে, যথা:

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা, অধ্যায়, ইত্যাদি | অপরাধ | জরিমানা/দন্ড | সংশোধনীর প্রস্তাব | প্রস্তাবনার পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|---|
| ১১ | ৪৮ | (১) যদি কোনো ব্যক্তি ধারা ৪৮ এর বিধান অনুযায়ী নির্ধারিত সময়সীমা ও পদ্ধতিতে যানবাহন ও কার্গো ঘোষণাদাখিল করিতে ব্যর্থ হন। | (১) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে **অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা কিন্তু** অনধিক **২ (দুই) লক্ষ** টাকা জরিমানা আরোপণীয় হইবে। | (১) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অনধিক **১০ (দশ) হাজার** টাকা জরিমানা আরোপণীয় হইবে। | |
| | | (২) যদি কোনো ব্যক্তি ধারা ৪৮ এর বিধান অনুযায়ী কার্গো ঘোষণায় অন্তর্ভুক্ত বা বর্ণনা করিবার আবশ্যকতা থাকা সত্ত্বেও কোনো পণ্য উক্ত ঘোষণায় অন্তর্ভুক্ত বা বর্ণনা করিতে ব্যর্থ হন, যাহা যানবাহনে থাকা অবস্থায় বা উক্ত যানবাহন হইতে নামানোর সময় পাওয়া যায়। | (২) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অন্যূন **৫০ (পঞ্চাশ) হাজার টাকা কিন্তু** অনধিক **২ (দুই) লক্ষ** টাকা জরিমানা আরোপণীয় হইবে এবং সংশ্লিষ্ট পণ্য বাজেয়াপ্তযোগ্য হইবে। | (২) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অনধিক **১০ (দশ) হাজার** টাকা জরিমানা আরোপণীয় হইবে এবং সংশ্লিষ্ট পণ্য **প্রযোজ্য ক্ষেত্রে** বাজেয়াপ্তযোগ্য হইবে। | শাস্তির সবচেয়ে সাম্প্রতিক প্রণয়ন তত্ব হলো পূর্ণবাসন। আইন ভঙ্গকারীকে আইনের আওতায় এনে পূর্ণবাসন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনারেট অপরাধের ধরণ অনুযায়ী অন্যূন দন্ড নির্ধারনের ক্ষমতা প্রাপ্ত থাকা যৌক্তিক। |
| | | (৩) যদি কোনো ব্যক্তি ধারা ৪৮ এর বিধান অনুযায়ী কার্গো ঘোষণায় যে পণ্য অন্তর্ভুক্ত বা বর্ণনা করেন, তাহা পাওয়া না যায় বা কম পাওয়া যায়। | **(৩) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে সংশ্লিষ্ট পণ্যের উপর আরোপণীয় শুল্ক-করের অন্যূন সমপরিমাণ কিন্তু অনধিক দ্বিগুণ পরিমাণ অথবা, উক্ত পণ্য শুল্ক-করযোগ্য না হইলে বা উহার উপর শুল্ক-কর নিরূপণ করা সম্ভব না হইলে, প্রতিটি নিখোঁজ বা ঘাটতি প্যাকেজ (package ) বা পৃথক বস্তুর জন্য অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং, বাল্ক পণ্যের ক্ষেত্রে, অন্যূন সংশ্লিষ্ট পণ্য-মূল্যের সমপরিমাণ অথবা ২ (দুই) লক্ষ টাকা, যাহাই অধিকতর হয়, জরিমানা আরোপণীয় হইবে।** | (৩) **বাতিলের প্রস্তাব করা হল।** | ঘোষণার অর্ন্তভূক্ত পণ্য কম বা বেশী পাওয়া গেলে কাষ্টমস্ আইন, ২০২৩ এর আইন-৩৩ এর অধীনে জরিমানা বা দন্ড আরপণীয়যোগ্য, সেহেতু ৪৮(৩) বাতিলের প্রস্তাব করা হয়েছে। |

| ধারা | বিষয় | বিদ্যমান আইন | প্রস্তাব | প্রস্তাবনার পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ৮২। | আমদানিকারক এবং রপ্তানিকারকের দায়িত্ব। | আমদানি বা রপ্তানির জন্য পণ্য ঘোষণাকারী বা যাহার পক্ষে উক্তরূপ ঘোষণা প্রদান করা হইয়াছে এইরূপ ব্যক্তি নিম্নলিখিত বিষয়সমূহের জন্য দায়বদ্ধ থাকিবেন, যথা:<br>(ঘ) যথাযথ কর্মকর্তার অনুরোধে এবং উক্ত কর্মকর্তা কর্তৃক **নির্ধারিত সময়সীমার মধ্যে** কোনো উপযুক্ত ফরমে চাহিদামত সকল দলিল ও তথ্য দাখিল এবং কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন বা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান;<br>**তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তির কোনো এজেন্ট কর্তৃক উক্ত ঘোষণা প্রদান করিবার ক্ষেত্রে, উক্ত এজেন্টও উপরিউক্ত দফা (ক), (খ) ও (ঘ) তে উল্লিখিত বাধ্যবাধকতার জন্য দায়ী থাকিবেন।** | (ঘ) যথাযথ কর্মকর্তার অনুরোধে এবং উক্ত কর্মকর্তা কর্তৃক কোনো উপযুক্ত ফরমে চাহিদামত সকল দলিল ও তথ্য দাখিল এবং কাস্টমস্ আনুষ্ঠানিকতা সম্পন্ন বা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান;<br>**বাতিল করার প্রস্তাব করা হল।** | (ঘ) রপ্তানীকারক সি/ও বা প্রয়োজনীয় দলিলের কোন একটি ভুলে কম পাঠিয়ে থাকলে নির্ধারিত সময়ের মধ্যে সকল দলিল বা তথ্য উপস্থাপন করা সম্ভব হবে না। সুতরাং সময়সীমা নির্ধারিত করা সমীচীন নয়। কাস্টমস্ এজেন্টদের দায়বদ্ধতা লাইসেন্সিং বিধিমালা ২০২০ এর বিধি ২৩(ঞ) তে স্পষ্টকরণ করা হয়েছে বিধায় কাস্টমস্ আইন ২০২৩ এর ৮২ ধারার শর্ত বাতিল যোগ্য। |
| ৯৪ | **সরকারের নিকট পণ্য হস্তান্তর ও উহার বিলিবন্দেজ** | (২)(ক) নিম্নবর্ণিত কারণে পণ্য নামানোর তারিখ হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে, বা যথাযথ কর্মকর্তা কর্তৃক অনুমোদিত অতিরিক্ত সময়ের মধ্যে, ছাড় করা বা জাহাজজাত না হয়-.......(অ), (আ) ও (ই)।<br><br><u>জাতীয় রাজস্ব বোর্ড, স্মারক নং-০৮.০১.</u> ০০০০.০০০.০৬৬.৩২.০০০৪.২৪.৯৭<br>তাং ২৫/০৩/২০২৫ খ্রি: মোতাবেক সমূদ্রপথ ও স্থলপথে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে ৩০ দিন এবং আকাশপথে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে ২১ দিন অতিবাহিত হলে অখালাসকৃত পণ্য সিস্টেমের মাধ্যমে নিলামের আওতাধীন হিসেবে গণ্য করার বিধান চালু করা হয়েছে। | এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কাস্টমস্ আইন অনুযায়ী পণ্য নামানোর তারিখ হতে দিন গণনা করার ব্যবস্থা করা এবং পণ্য খালাসের জন্য **সমূদ্রপথ, স্থলপথ এবং আকাশপথে আমদানি-কৃত পণ্যের ক্ষেত্রে ৪০ দিন সময়সীমা নির্ধারণ করার প্রস্তাব করছি।** | পণ্য নামানোর তারিখ হতে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পণ্য ছাড় করার বিষয় উল্লেখ থাকলেও **<u>অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আমদানি মেনিফেস্ট ঘোষণার তারিখ থেকে দিন গণনা করা হচ্ছে, যা বিদ্যমান আইনের সাথে সাংঘর্ষিক।</u>** সমূদ্রপথে আমদানিকৃত পণ্য জাহাজ হতে বন্দরে অবতরণের ১০-১২ দিন পূর্বে IGM দাখিল হয়ে থাকে। এতে করে অনেক পণ্যচালান প্রকৃত সময়সীমা শেষ হওয়ার আগেই সিস্টেমে স্বয়ংক্রিয় ভাবে নিলামের আওতায় চলে আসছে। ফলে সিস্টেমে নিলাম থেকে পণ্য অবমুক্ত করার জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে জটিলতা সৃষ্টি হচ্ছে ও দীর্ঘ সময় ব্যয় হচ্ছে। |

**** এসআরও নং ২৩০-আইন/২০২৫/৫২/কাস্টমস।- তাং ২৯/০৫/২০২৫ইং মূলে প্রণীত যানবাহন এবং কার্গো ঘোষনা দাখিল ও প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ-১০উপ-দফা (২)**

| বিষয় | বিদ্যমান বিধি | প্রস্তাব | প্রস্তাবনার পক্ষে যুক্তি |
|---|---|---|---|
| যানবাহন এবং কার্গো ঘোষনা দাখিল ও প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ-১০(২) | কার্গো ঘোষনা সংশোধন এবং সম্পূরক কার্গো ঘোষনা প্রদানের আবেদনের ফিস বাবদ ২ (দুই) হাজার টাকা ...... করিতে হইবে। | কার্গো ঘোষনা সংশোধন এবং সম্পূরক কার্গো ঘোষনা প্রদানের আবেদনের ফিস ৫০০/- (পাঁচশত) টাকা বলবৎ রাখা। | কার্গো ঘোষনা দাখিল ও প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৪ এর খসড়া চুড়ান্তকরণের লক্ষ্যে গত ২/০১/২০২৫খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকায়, কক্ষ নং-৫০৭ এ জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস্: নীতি ও আইসিটি) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত যৌথ সভায় সার্বিক আলোচনার প্রেক্ষিতে **কার্গো ঘোষনা সংশোধন এবং সম্পূরক কার্গো ঘোষনা প্রদানের আবেদন ফিস ৫০০/- (পাঁচশত) টাকা বলবৎ থাকার বিষয়ে সভার সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন।**<br>**এছাড়াও ঢাকা কাস্টম হাউসে রপ্তানীমূখী শিল্পের জন্য আনিত নমুনা, ডি- মিনিমিস ও কুরিয়ার সার্ভিস কর্তৃক আমদানিকৃত হাজার হাজার পণ্যচালান (যা নির্ধারিত আবেদন ফিসের চাইতেও কম মূল্যের) প্রতিনিয়ত ছাড় করা হচ্ছে। তার মধ্যে শত শত পণ্য চালানের IGM সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়। তাই আবেদন ফি কমানো যুক্তিযুক্ত।** |

## কাস্টমস আইন, ২০২৩ এর First Schedule এ এইচ.এস.কোড ভিত্তিক শুল্ক-কর হার যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাবনা

| ক্র. ন. | পণ্যের বিদ্যমান এইচ.এস.কোড ও বিবরণ | বিদ্যমান শুল্ক হার | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০১ | H.S.Code 2833.11.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য Disodium Sulphate | CD –25%<br>RD –3%<br>SD –20%<br>VAT –15%<br>AT –7.5%<br>AIT –5%<br>TTI=93.16% | শুল্ক-কর হার কমানোর প্রস্তাব করা হলো। | পণ্যটি শিল্প প্রতিষ্ঠানে Finished product উৎপাদনে ব্যবহার্য Intermediate goods এটি বন্ড ও বাণিজ্যিক দু'ভাবে আমদানি হয়ে থাকে। বন্ড ব্যবস্থাপনায় চাহিদার বিপরীতে সরবরাহ অপর্যাপ্ত হলে অথবা বন্ড কমিশনারেট হতে যথাযথ প্রাপ্যতার বিপরীতে বরাদ্দ পাওয়া বিলম্বিত হলে, খোলা বাজার হতে উচ্চ মূল্যে পণ্য ক্রয় করে উৎপাদন প্রক্রিয়া সচল রাখতে হয়। ফলে Finished product এর উৎপাদন ব্যয় বেড়ে যায় এবং রপ্তানিকারককে পণ্য রপ্তানিতে লোকসান গুনতে হয়। |
| ০২ | 3002.90.00<br>Culture of micro Organism, others | CD-0%<br>RD-0%<br>SD.0%<br>VAT-0%<br>AIT-5%<br>AT-0% | (1) 3002.90.10<br>probiotic, probiotic Blend, probiotic Powder (CD-5%, RD-0%, SD-0%, VAT-15%, AIT. 5%.AT-5%)<br><br>(2) 3002.90.90-Others (CD-O%.RD-O%.SD- 0%, VAT-0%, AIT-5%. AT-(%)<br>নতুন কোড সৃজন। | বর্তমানে বিভিন্ন Pharmaceuticals প্রতিষ্ঠান সমূহ প্রচুর পরিমাণে probiotic Blend, probiotic powder আমদানি করেন। Probiotic দ্বারা তৈরি কোন ট্যাবলেট বা ক্যাপসুল কোন সুনির্দিষ্ট রোগের বিরুদ্ধে আরোগ্য (Cure) লাভের জন্য ব্যবহৃত হয় না। বরং তা শরীর অন্ত্রে প্রবেশ করে উপকারী micro-organisms বৃদ্ধির সহায়তা করে। এটার কার্যকারিতা অনেকটা Food Suppliment এর ন্যায়। ফলে এটি তৈরীর Raw Materials আমদানিতে ৫% শুল্কহার ধার্য্য করা যেতে পারে। বর্তমানে probiotic পণ্যটি এইচ এস কোড 3002.90.00 তে ০% শুল্কহারে শুল্কায়িত হয়। (জাতীয় রাজস্ব বোর্ডের এ্যাডভান্স রুলিং অনুসারে)। উক্ত এইচ এস কোড বিভাজনে ফলে Culture of microorganisms (excluding Yeasts) নামীয় পণ্য আমদানিকারক কর্তৃক পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানের সময়ের ন্যায় সুবিধা বহাল থাকবে। |

| ক্র. ন. | পণ্যের বিদ্যমান এইচ.এস.কোড ও বিবরণ | বিদ্যমান শুল্ক হার | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০৩ | H.S.Code 3214.10.00, 3214.90.00 এ শ্রেণীবিন্যাস যোগ্য Glue & Putty<br><br>H.S.Code 3506.10.00, 3506.91.10, 3506.91.90, 3506.99.00 এ শ্রেণীবিন্যাস যোগ্য Glue | CD –25%<br>RD –3%<br><br>CD –25%<br>RD –15% | H.S.Code সমূহের বিপরীতে সমহারে রেগুলেটরি ডিউটি নির্ধারণের প্রস্তাব করা হলো৷ | রেগুলেটরি ডিউটির তারতম্যের কারণে শুল্কায়নে জটিলতা ও শুল্ক ফাঁকির প্রবণতা পরিলক্ষিত হয়৷ |
| ০৪ | Heading 33.04 ভুক্ত বিভিন্ন HS Code এ শ্রেণিবিন্যাসযোগ্য Lip preparation, Eye preparation, Manicure or pedicure preparation, Powder, Face or skin preparation, Lotion, make-up preparation etc<br><br>H.S.Code | CD –25%<br>RD –20%<br>SD -45%<br>VAT- 15%<br>AT -7.5%<br>AIT -5% | শুল্ক মূল্য (মিনিমাম ভ্যালু) ২০২৩-২০২৪ অর্থ বছরের ন্যায় করার প্রস্তাব করা হলো৷ | ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থ বছরে মিনিমাম ভ্যালু ও শুল্কহার বৃদ্ধি করায় গুণগত মানসম্পন্ন পণ্য আমদানী কমে যায় ফলে অবৈধ পন্থায় এবং নকল পণ্য সরবরাহের মাধ্যমে মানুষের স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পেয়েছে এবং সরকার প্রচুর পরিমান রাজস্ব হারিয়েছে। যা গত দুই অর্থ বছরের ডাটা পর্যালোচনা করলে সুস্পষ্ট প্রতিয়মান হয়। |
| ০৫ | Heading 3304 শ্রেণীভুক্ত Aloe Vera Gel | CD –25%<br>RD –20%<br>SD -45%<br>VAT- 15%<br>AT -7.5%<br>AIT -5% | আন্তর্জাতিক বাজার যাচাই স্বাপেক্ষে মিনিমাম শুল্কমূল্য নির্ধারণের জন্য প্রস্তাব করা হলো। | Aloe Vera Gel মানব মুখের ময়েশ্চারাইজার বৃদ্ধিতে সহায়তা করে৷ বিভিন্ন ভ্যালুতে শুল্কায়ন হওয়ার কারণে আমদানীকারক প্রতিষ্ঠান অবৈধ পন্থায় আমদানী করে এবং সরকার রাজস্ব হারাচ্ছে। |
| ০৬ | Heading 34.01 ভুক্ত বিভিন্ন Face wash HS Code 3401.30.00<br><br>HS Code 3304.99.90 | CD –25%<br>RD –20%<br>SD -60%<br>VAT- 15%<br>AT -7.5%<br>AIT -5%<br><br>CD –25%<br>RD –20%<br>SD -45%<br>VAT- 15%<br>AT -7.5%<br>AIT -5% | HS Code এর বিপরীতে শুল্ক হার সমন্বয় করার প্রস্তাব করা হলো। | HS Code সমূহের বিপরীতে শুল্ক হারের তারতম্য হওয়ার কারণে শুল্কায়ন জটিলতা ও শুল্ক ফাঁকির প্রবণতা পরিলক্ষিত হয়েছে। |

| ক্র. ন. | পণ্যের বিদ্যমান এইচ.এস.কোড ও বিবরণ | বিদ্যমান শুল্ক হার | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ০৭ | Heading 34.02 এ শ্রেণীবিন্যাসযোগ্য Organic surface-active agent, Defoaming agent, Washing cleaning preparation<br>H.S.Code 3402.90.10<br>- Detergents | CD যথাক্রমে 10%, 5%<br><br>CD-25% | Heading 34.02 এ শ্রেণীবিন্যাসযোগ্য Organic surface-active agent, Defoaming agent, Washing cleaning preparation পণ্য সমূহের শুল্ক হার কম থাকায় পণ্য সমূহ H.S.Code 3402.90.10 এ অধিক শুল্কহারে শ্রেণীবিন্যাস করার প্রবণতা দেখা যায়| এক্ষেত্রে শুল্ক হার সমন্বয় করার প্রস্তাব করা হলো। | শুল্কায়নে জটিলতা নিরসনের লক্ষ্যে। |
| ০৮ | Heading 34.05 ভুক্ত বিভিন্ন HS Code এ শ্রেণিবিন্যাসযোগ্য polishes and others preparation used in the finishing. | CD যথাক্রমে<br>25% & 10% | বিভিন্ন শুল্ক কর হারের ভিন্নতার কারনে শুল্কায়ন জটিলতাও শুল্ক ফাঁকির প্রবণতা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে HS Code সমূহের সকল প্রকার শুল্ক কর হার সমন্বয় করার প্রস্তাব করা হলো। | শুল্কায়নে জটিলতা নিরসন ও শুল্কায়ন ফাঁকির প্রবণতা রোধ কল্পে। |
| ০৯ | Heading 38.24 ভুক্ত সকল H.S.Code | CD যথাক্রমে<br>0%,<br>5%,<br>10%,<br>25% | Heading 38.24 ভুক্ত সকল H.S.Code সমূহের বিপরীতে সমহারে শুল্ক নির্ধারণ করার প্রস্তাব করা হলো। | Heading 38.24 ভুক্ত সকল পণ্য বিভিন্ন শিল্পের কাঁচামাল। কিন্তু এ সকল পণ্যসমূহে বিভিন্ন যৌগের মিশ্রন থাকে। এক্ষেত্রে কোনো কেমিক্যাল তৈরীতে বিভিন্ন যৌগের মিশ্রন পাওয়া গেলে তা H.S.Code 3824.99.99 (Other) এ শ্রেণীবিন্যাস করা হয়, যার শুল্ক হার ২৫% এতে শুল্কায়নে জটিলতা সৃষ্টি হয়। |
| ১০ | HS Code: 3925.10.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য reservoirs tanks vats and similas containes of a capicity exceeding 300L | CD-25%<br>RD-5%<br>SD-0%<br>VAT-15%<br>AIT-5%<br>AT-7.5% | Heading 39.25 ভুক্ত HS Code: 3925.10.00 এর অনুকূলে আলোচ্য 300L Capacity পর্যন্ত শুল্কায়ন করা হয়ে থাকে| কিন্তু আলোচ্য পণ্য Capacity 300L এর নিচে আমদানিকৃত পণ্যের সমদ্ধে HS Code না থাকায় 3926 Heading fy´ Articals of plastics and articals of others materials হিসেবে Others HS Code: 3926.90.99 এ শুল্কায়ন করা হয়ে থাকে। | শুল্কায়নে জটিলতা নিরসন কল্পে আলোচ্য পণ্যের 300L এর নিচে Capacity এর জন্য Heading 39.25 এ নতুন একটি HS Code সৃষ্টি করা যেতে পারে |

| ক্র. ন. | পণ্যের বিদ্যমান এইচ.এস.কোড ও বিবরণ | বিদ্যমান শুল্ক হার | প্রস্তাব | প্রস্তাবের পক্ষে যুক্তি |
|---|---|---|---|---|
| ১১ | Heading 40.10 এ শ্রেণীবিন্যাসযোগ্য বিভিন্ন প্রকার বেল্ট | CD যথাক্রমে 1%, 5%, 10%, 25% | H.S. Code সমূহের বিপরীতে সমহারে শুল্ক নির্ধারণ করার প্রস্তাব করা হলো। | উক্ত Heading ভুক্ত H.S.Code সমূহের বিপরীতে শুল্কহারের তারতম্যের কারণে শুল্কায়নে জটিলতা ও শুল্ক ফাঁকির প্রবণতা পরিলক্ষিত হয়।<br>উল্লেখ্য, Heading 40.10 এ শ্রেণীবিন্যাসযোগ্য বিভিন্ন প্রকার বেল্ট বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে উৎপাদন প্রক্রিয়ার ব্যবহৃত হয়। |
| ১২ | Heading 42.02 ভুক্ত বিভিন্ন H.S Code এ শ্রেণিবিন্যাসযোগ্য ট্রাভেল ব্যাস ও অন্যান্য সমতুল্য পণ্য | | Heading 42.02 ভুক্ত বিভিন্ন HS Code এ শ্রেণিবিন্যাসযোগ্য ব্যাস ও অন্যান্য সমতুল্য পণ্যের কয়েকটি H.S Code এর বিপরিতে Statistical Unit (U) এবং কয়েকটি H.S Code এর বিপরিতে Statistical Unit kg এ দেওয়া আছে। যার ফলে শুল্কায়নে জটিলতাও শুল্কহার ফাঁকির প্রবণতা পরিলক্ষিত হয়। এইক্ষেত্রে 42.02 Heading ভুক্ত সকল H.S Code এর বিপরিতে Statistical Unit (U) এ নির্ধারন করার প্রস্তাব করা হলো। | শুল্ক ফাঁকির প্রবণতা রোধ ও শুল্কায়নে জটিলতা নিরসন। |
| ১৩ | Heading 54.07 শ্রেণীভুক্ত বিভিন্ন H.S Code এ শ্রেণিবিন্যাসযোগ্য Polyester / Synthetic fabrics | CD –25%<br>RD –3%<br>SD -10%<br>VAT- 15%<br>AT -7.5%<br>AIT -5% | শুল্ক মূল্য (মিনিমাম ভ্যালু) ২০২৩-২০২৪ অর্থ বছরের ন্যায় করার প্রস্তাব করা হলো। | ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থ বছরে মিনিমাম ভ্যালু বৃদ্ধি করায় Polyester / Synthetic fabrics অবৈধ পন্থায় / বন্ডের মাধ্যমে আমদানী হচ্ছে এবং সরকার প্রচুর পরিমান রাজস্ব হারিয়েছে। যা গত দুই অর্থ বছরের ডাটাবেইজ পর্যালোচনা করলে সুস্পষ্ট প্রতিয়মান হয়। |
